(২) "একবার রাশিয়ান প্লেন মুজাহিদদের উপর বম্বিং করতে শুরু করল। মোঃ উমর নামে একজন তার ফিতরাত অনুযায়ী দুই হাত তুলে প্লেনটির দিকে তাকিয়ে বললেন, 'হে আমার রব! কে বড়? আপনি, নাকি প্লেনটি? কে বেশী শক্তিশালী? আপনি? নাকি এই প্লেনটি? আপনি কি আপনার এই বান্দাদেরকে প্লেনগুলীর থাবার মধ্যে ছেড়ে দেবেন?' ...পরের সংবাদ, কাবুল রেডিও ষ্টেশন থেকে প্রচার করা হল, সেই প্লেনটি ভূপাতিত হয়েছে এবং এর মধ্যে একজন রাশিয়ান জেনারেল ছিল..."[৯]

জ। মৃত্যু আল্লাহ'রই খাস ইচ্ছায় হয়। পারিপার্শ্বিক কোন কারণ মৃত্যুর জন্য কেবল আল্লাহরই মনোনীত উসিলা মাত্র, এর প্রকৃত কারণ নয়। শাইখ তামিম একবার প্রবল গুলি বর্ষণের মধ্যে থেকেও অক্ষত ফিরে এসে তার সেই অভিজ্ঞতা থেকে[১০] বললেন, " সেই দিন থেকে আমি উপলব্ধি করতে পারলাম যে, বিশ্বজাহানের রব

[৮] তাওহীদ আল-'আমালী, শাইখ আব্দুল্লাহ আযযাম (রহঃ), পৃষ্ঠা নং ৮, ১ম প্যারাগ্রাফ দ্রষ্টব্য
[৯] তাওহীদ আল-'আমালী, শাইখ আব্দুল্লাহ আযযাম (রহঃ), পৃষ্ঠা নং ৮, ১ম প্যারাগ্রাফ দ্রষ্টব্য
[১০] তাওহীদ আল-'আমালী, শাইখ আব্দুল্লাহ আযযাম (রহঃ), পৃষ্ঠা নং ৮ ও ৯ এর বর্নণা দ্রষ্টব্য

আল্লাহ'র নির্ধারিত মুহূর্ত ব্যতীত কেউই মারা যাতে পারে না এবং খুব কঠিন ঝুঁকি নিলেও মৃত্যু মুহূর্ত পরিমাণ কাছে চলে আসে না, আর, নিরাপদ জায়াগায় থাকলেও মৃত্যু মুহূর্ত পরিমাণ দূরে চলে যায় না"।

৪। বাস্তবক্ষেত্রে তাওহীদ আল 'আমালী'র প্রয়োগ/ সংযোগ/ কিংবা করনীয়ঃ

জিহাদের সাথে তাওহীদের এই সম্পৃক্তি, বা স্বয়ং আল্লাহ ও তদীয় রাসুল (সাঃ) কর্তৃক তাওহীদ প্রতিষ্ঠায় জিহাদের তাগিদ সংক্রান্ত আলোচনার প্রভুত প্রয়োজনীয়তা রয়েছে। আমাদের অনেকেরই, তাওহীদ ও জিহাদের মধ্যে 'সম্পর্ক' সংক্রান্ত কোন জ্ঞানই নেই। ফলে তারা, তাদের অস্তিত্বের মূল্য যেমন বোঝেন না, আর না বোঝেন তাদের করনীয়ই বা কি। এমন অনেকেই আছেন, যারা না বুঝে, না জেনেই আফগানিস্তানের মুজাহিদদের সমালোচনা করেন, অনেক সময় কুফফারদের সুরে সুর মিলিয়ে 'জংগি' (Terrorist) বলতেও দ্বিধা করেন না, অথচ এই ভাইদের মাধ্যমেই মহান আল্লাহ'তাআলা মুসলিমীনদের সম্মানিত করেছেন, মর্যদা বৃদ্ধি করেছেন এবং মুসলমানিত্বের পতাকাকে সমুন্নত করে, আন্তর্জাতিক পরিমন্ডলে সমীহ অর্জনে সক্ষম করেছেন।[১১] আল্লাহ'র ইচ্ছায়, এঁদেরই কারনে আজ, তথাকথিত 'সুপার পাওয়ার' ইসলামকে ভয় পায়, শ্রদ্ধা করে এবং মুসলমানদের সাথে কিছু করতে চাইলে কয়েকবার ভাবে। যাই হোক, 'ওয়াহান'[১২] তথা 'দুনিয়ার প্রতি ভালোবাসা ও মৃত্যুকে ঘৃণার' কালো ছায়া আজ মানুষের অন্তরে ভর করেছে। ফলে তারা গাফেল হয়ে রয়েছ। এবং তারা দেখেনা। মহান আল্লাহ'তাআলা যেন আমাদের সকলকে 'ওয়াহান' থেকে মুক্তি দান করেন এবং এই উম্মাহকে জিহাদের পথে অটল অবিচল রাখেন যেভাবে তিনি পছন্দ করেন এবং পুনরায় আমাদের খিলাফাহ'র স্বর্ণযুগ ফিরিয়ে দেন।

৫। উপসংহারঃ

পরিশেষে সারকথাটুকু এই যে, মুসলমানিত্বের প্রথম ফরয- তাওহীদকে বোঝা ও একে বাস্তবায়ন করা। আর "বর্তমানে", তাওহীদ বাস্তবায়নের একমাত্র সঠিক পথই হল 'জিহাদ'।

মূল বাংলা বইটি নিচের লিংকে পাওয়া যেতে পারেঃ

[১১] তাওহীদ আল-'আমালী, শাইখ আব্দুল্লাহ আযযাম (রহঃ) , পৃষ্ঠা নং ৫, শেষের প্যারাগ্রাফ দ্রষ্টব্য
[১২] তাওহীদ আল-'আমালী, শাইখ আব্দুল্লাহ আযযাম (রহঃ), পৃষ্ঠা নং ৬, দ্বিতীয় প্যারাগ্রাফ দ্রষ্টব্য

https://ia৬০০২০১.us.archive.org/১৯/i...on_BENGALI.pdf

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০৭৯১

মুরজিয়া ও কুফর-শায়খ সুলাইমান আল-উলওয়ান

আবু আহনাফ

Senior Member

০৯-২১-২০১৮

আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ এ ব্যাপারে একমত যে কুফর হতে পারে কথার মাধ্যমে, যেমন দ্বীনের কোন বিষয়কে স্পষ্ট উপহাস (ইস্তিহযা) করা। এবং কুফর হতে পারে কোন কর্মের মাধ্যমে, যেমন কোন মূর্তি অথবা চন্দ্র-সূর্য ইত্যাদির জন্য সিজদায় অবনত হওয়া, অথবা আল্লাহ ব্যতিত অন্য কারো নামে পশু জবাই করা।

কোন ব্যক্তি থেকে কুফর এর কিছু সংঘটিত হওয়ার কুফর হবার ব্যাপারে কিতাবুল্লাহ ও সুন্নাহ থেকে প্রমাণসমূহ খুবই স্পষ্ট। এই কুফর কেবলমাত্র কোন কথা অথবা কোন কর্মের মাধ্যমে হতে পারে, এর সাথে ইচ্ছাকৃত অস্বীকার (জুহদ) অথবা হালাল করা (ইস্তিহলাল) যুক্ত হওয়া ব্যাতীতই। কথা ও কর্মের কুফরকে শুধুমাত্র ইচ্ছাকৃত অস্বীকার (জুহদ) অথবা হালাল করা (ইস্তিহলাল) এর সাথে সীমাবদ্ধ করে দেয়া সহীহ নয়। কেননা সাহাবায়ে কিরাম রাদিয়াল্লাহু আনহুম, তাবেয়ীন আজমাঈনগ অথবা ইমামগণের কেউ এমন বলেননি।

আল্লাহ বলেনঃ আর যদি আপনি তাদের কাছে জিজ্ঞেস করেন, তবে তারা বলবে, আমরা তো কথার কথা বলছিলাম এবং কৌতুক করছিলাম। আপনি বলুন, তোমরা কি আল্লাহর সাথে, তাঁর হুকুম-আহকামের সাথে এবং তাঁর রাসুলের সাথে ঠাট্টা করছিলে? ছলনা করো না, তোমরা যে কাফের হয়ে গেছ ঈমান প্রকাশ করার পর। তোমাদের মধ্যে কোন কোন লোককে যদি আমি ক্ষমা করে দেইও, তবে কিছু লোককে আযাবও দেবো। কারণ, তারা ছিল গুনাহগার। (অবিশ্বাসী কাফির, মুশরিক, পাপী, অপরাধী ইত্যাদি) (-সূরা আত তাওবাহঃ ৬৫)

এবং এখানে কুফরের কারণ ছিলো 'কথা' যা তারা শুধু উচ্চারণ করেছিলো।

আর আল্লাহ বলেনঃ তারা আল্লাহর নামে কসম খেয়ে বলে যে, আমরা (কোন খারাপ কিছু) বলিনি, অথচ নিঃসন্দেহে তারা কুফরী বাক্য বলেছে এবং মুসলমান হবার পর কাফির হয়েছে। তারা কামনা করছিলো এমন বস্তুর যা তারা প্রাপ্ত হয়নি। আর এসব তারই পরিণতি ছিল যে, আল্লাহ এবং তাঁর রাসূল তাদেরকে সম্পদশালী

করে দিয়েছিলেন নিজের অনুগ্রহের মাধ্যমে। বস্তুতঃ এরা যদি তাওবা করে নেয়, তবে তাদের জন্য মঙ্গল, আর যদি তা না মানে, তবে তাদেরকে আল্লাহ তাআলা দুনিয়াতে ও আখেরাতে বেদনাদায়ক আযাব দিবেন। অতএব বিশ্বচরাচরে তাদের জন্য কোন সাহায্যকারী-সমর্থক নেই। (সূরা আত তাওবাহঃ ৭৪)

কাজেই, চূড়ান্ত কথা হল, যে কেউ পরিস্কারভাবে এমন কিছু বলে, বা এমন কাজ করে যা কুফর, সে কুফরী করেছে। যদি না তাকফিরের কোন প্রতিবন্ধক যেমন বাধ্য-বাধকতা (ইকরাহ), ব্যখ্যা (তাবীল), দুর্ঘটনাজনিত ভুল (খাত্বা) যেমন জিহ্বার স্খলন অথবা অজ্ঞতার কারনে ভুল বলে ফেলা ইত্যাদির মতো বিবেচনাযোগ্য কোন বিষয় তার মাঝে পাওয়া যায়।

এবং সুস্পষ্ট কুফর এর মধ্যে একটি হল সম্পূর্ণভাবে আমাল এর শ্রেণীকে (জিনস আল-আমাল) পরিত্যাগ করা। অন্তরের আমলের সাথে যুক্ত করা ব্যাতীতই এটি সুস্পষ্ট কুফর। কারণ সম্পূর্ণভাবে আমলের শ্রেণী পরিত্যাগ করা নিজেই বড় কুফর (কুফর আকবর)। আর যা আবশ্যিক তার অনুপস্থিতিকে আমরা অন্তরের অবস্থার উপর প্রয়োজনীয় প্রমাণ হিসাবে ব্যবহার করি, তবে হুকুম লাগানোর জন্য অন্তরের অবস্থাকে শর্ত করা ব্যতীত। আর এটি কিতাবুল্লাহ ও সুন্নাহ দ্বারা সুস্পষ্ট যে, বাহ্যিক আমলের উপরই হুকুম লাগানো হবে, তাঁর অন্তরে কী লুকায়িত রয়েছে এটার উপর নয়, কারণ এটি (অন্তরের অবস্থা) একমাত্র গায়েবের মালিক আল্লাহ তা'আলাই জানেন, অন্য কেউ নয়।

হাফিয ইবনু রজব আল হাম্বলী রহ. ফতহুল বারী ১/২৩ তে সুফিয়ান ইবনু উয়াইনা থেকে বর্ণনা করেনঃ তিনি বলেছেন,

"মুরজিয়ারা বলে ফরযগুলোকে বর্জন করা হল নিষিদ্ধ কাজে লিপ্ত হওয়ার মত গুনাহ। কিন্তু এ দুটি এক রকম নয়, কেননা, হারাম কাজকে হারাম মনে করে (অর্থাৎ ইস্তিহলাল না করে) ইচ্ছাকৃতভাবে তাতে লিপ্ত হওয়া একটি অবাধ্যতা। কিন্তু কোন অজুহাত ও অজ্ঞতা ব্যতিত ফরযগুলোকে বর্জন করা কুফর"।

আর এর প্রমান হল হযরত আদম (আ.) ও ইবলিশ এর ঘটনা এবং ইয়াহুদী আলিমদের এই বিষয়টি যে, নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর ব্যাপারে তারা মুখে স্বীকার করতো যে এখন নবীকে প্রেরণ করা হয়েছে, কিন্তু

তারা নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আনীত বিধান ও শরীয়াহ অনুযায়ী আমল করতো না।

হারব বর্ণনা করেছেন ইসহাক থেকে, তিনি বলেছেনঃ

"মুরজিয়ারা অব্যাহতভাবে চরম পর্যায়ে যেতে থাকলো এবং এক পর্যায়ে বললো, 'যে ব্যক্তি নির্ধারিত সালাত, রমযানের রোযা, যাকাত এবং হজ্ব এবং অন্যান্য সকল ফরজকে অস্বীকার (জুহদ) করা ব্যতিত ছেড়ে দেয়, আমরা তাদেরকে তাকফীর করিনা। তাঁর হিসাব আল্লাহর কাছে, কারণ সে ঐসব ব্যক্তিদের অন্তর্ভুক্ত যারা এগুলোর ফরজ হওয়াকে স্বীকার করেছে।'। সুতরাং এরা সন্দেহাতীতভাবে তারাই; অর্থাৎ মুরজিয়া"।

আল-খাল্লাল 'আস সুন্নাহ' ৩/৫৮৬ এ 'উবাইদুল্লাহ ইবনু হাম্বল থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন,

"আবি হাম্বল ইবনে ইসহাক ইবনে হাম্বল আমার কাছে বর্ণনা করেছেন, তিনি বলেন, 'আল-হুমাইদী বলেন, 'আমাকে এটা জানানো হয়েছে যে, এমন অনেক মানুষ রয়েছে যারা বলে, 'যে ব্যক্তি সালাত, যাকাত এবং সিয়াম, হজ্ব এগুলোকে স্বীকার করে নেয় কিন্তু এগুলোর কোনটা মৃত্যু পর্যন্ত পালন করে না, অথবা পেছন ফিরে, ঠেস দিয়ে কেবলার বিপরীত দিক হয়ে মৃত্যু পর্যন্ত সালাত আদায় করে, সে একজন মুমিন বলে বিবেচিত হবে, যতক্ষণ পর্যন্ত সে এসবের ফরজ হওয়াকে অস্বীকার করবে...। সুতরাং আমি বলি "এটা আল্লাহ, তাঁর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সুন্নাহ এবং মুসলিমদের আমলকে সুস্পষ্ট অস্বীকার করা"।
আল্লাহ বলেছেনঃ "হুনাফা; আর তারা সালাত আদায় করে যাকাত দেয় এবং এটাই সত্যিকারের দ্বীন"

এবং হাম্বল বলেছেন "আমি আবু আব্দুল্লাহকে বলতে শুনেছি, যে ব্যক্তি এমন বলে সে আল্লাহর উপর কুফর করেছে, তাঁর আদেশ অস্বীকার করেছে এবং অস্বীকার করেছে যা সহ তাঁর রাসূল প্রেরিত হয়েছেন।

আর ইমাম ইবনে বাত্তাহ বলেছেন, "সুতরাং যে কেউ যা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাঁর কিতাবে আদেশ দিয়েছেন অথবা তাঁর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম) সুন্নাহতে আদেশ দিয়েছেন এমন বাধ্যতামূলক কাজকে (আল ফারাইয) ছেড়ে দেবে, ইচ্ছাকৃতভ অস্বীকার (জুহুদ) অথবা অন্তর থেকে অবিশ্বাস (তাকসিব) –এর কারণে, তাহলে সে স্পষ্টতই একজন অবিশ্বাসী (কাফির)। আল্লাহ এবং শেষ দিবসে বিশ্বাস রাখে এমন কোন বুদ্ধিমান ব্যক্তিই এতে সন্দেহ করতে পারেনা। আর যে ব্যক্তি এগুলোকে বিশ্বাস করে এবং মুখে এর স্বীকৃতি দেয় কিন্তু সম্পূর্ণভাবে এগুলো ছেড়ে দেয়, অবহেলাভরে, খেলাচ্ছলে অথবা মুরজিয়াদের মত মাযহাবে বিশ্বাসী হয়ে, তাহলে সে একজন ঈমান ত্যাগকারী। স্বল্প কিংবা বেশি, ঈমানের কোন অংশই তাঁর অন্তরে বিদ্যমান নেই। এবং সে ঐরকম মুনাফিকদের অন্তর্ভুক্ত, যারা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে নিফাকীতে লিপ্ত হয়েছিল। কাজেই কোরআন তাদের বিবরণ এবং তাদের জন্য যা জমা করা হয়েছে তা প্রকাশ করে দিয়েছে এবং এটাও বলে দিয়েছে যে তাদের স্থান হবে জাহান্নামের সর্ব নিম্ন স্তরে। আমরা আল্লাহর কাছে এ সকল মুরজিয়াদের চিন্তাধারা থেকে আশ্রয় প্রার্থনা করি"। [আল-ইবানাহ-২/৭৬৪]

পূর্ববর্তী ইমামগণ মুরজিয়াদের সম্পর্কে সতর্ক করে গিয়েছেন এবং তাদের বক্তব্যের ত্রুটি-বিচ্যুতি, তাদের বিদ'আতের বিপদ সম্পর্কে স্পষ্ট করে গিয়েছেন।

ইমাম আয যুহরী বলেন, "ইসলামের মধ্যে এর (ইরজার) চেয়ে বেশি ক্ষতিকর আর কোন বিদ'আতই প্রকাশ পায়নি, অর্থাৎ 'ইরজা'"। [আল-ইবানাহ-২/৮৮৫]

এবং ইমাম আওযায়ী বলেন, "ইয়াহয়া এবং ক্বাতাদাহ বলতেন, "খাহেশাতের মধ্যে উম্মাহর উপর আর কোনকিছু তাদের কাছে ইরজার চেয়ে অধিক ভীতিকর ছিল না।" [আল-ইবানাহ ২/৮৮৫-৮৮৬]

আর শুরাইক বলেন, "তারা মানুষের মধ্যে নিকৃষ্ট। চরমপন্থীরা শীয়া'রা (রা'ওয়াফিয) মন্দে যথেষ্ট, কিন্তু মুরজিয়ার মিথ্যারোপ করে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সম্পর্কে"। [আস-সুন্নাহ ১/৩১২]

শাইখ সুলাইমান বিন নাসির আল-উলওয়ানের'নিঃসন্দেহে আল্লাহর বিজয় আসন্ন' (আলা ইন্না নাসরুল্লাহি কারিব) বই থেকে নেয়া।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০৮৩৪

তালেবানরা কি জাতীয়তাবাদী? - আইএস অনুসারীদের মিথ্যাচারের জবাব!

আবু উসাইমিন

Junior Member

১০-১৪-২০১৮

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ। নাহমাদুহু ওয়ানু সাল্লি আ'লা রাসূলিহিল কারীম। আম্মা বা'দ-

বিশ্বব্যাপী মুজাহিদীনের মাঝে ফেতনা সৃষ্টিকারী একটি সংগঠনের নাম হলো আইসিস। বিভিন্ন জিহাদী ময়দানে দলটির উপস্থিতি মুজাহিদীন এবং কুফফার বাহিনীর মূল যুদ্ধকে আড়াল করে দিচ্ছে! আফগানিস্তানের পবিত্র জিহাদী ভূমিতেও আইসিস ফেতনার উদ্ভব ঘটেছে! যদিও ফেতনা সৃষ্টিকারী এই দলটির মুখোশ আল্লাহ তা'য়ালা সত্যন্বেষীদের সামনে উন্মোচিত করে দিয়েছেন শুরু লগ্নেই। তবে, চক্রান্তকারীরা তাদের কুচক্রান্ত প্রক্রিয়া থামায়নি। আফগানিস্তানের পবিত্র ভূমিকে ইসলামী শরীয়ার অধীনে পরিচালিত করার জন্য দীর্ঘদিন যাবৎ বহু ত্যাগ স্বীকার করে লড়াই করে আসা তালেবান মুজাহিদীনের ব্যাপারে নানা ধরণের মিথ্যা প্রচারণা চালাচ্ছে আইএস ভক্তরা। ঐ সকল প্রচারণা তাদের মিথ্যাচার এবং শরয়ী জ্ঞানের ব্যাপারে তাদের অজ্ঞতার পরিচয় বহন করে। ২০১৫ সালের ১লা নভেম্বরে আল-জাজিরা সংবাদ মাধ্যমে প্রকাশিত একটি ভিডিও রিপোর্টের ভিত্তিতে এদেশীয় কিছু আইএসভক্ত জোর গলায় প্রথমে অপবাদ দেয় যে, তালেবান জাতীয়তাবাদী। তারপর, তারা জাতীয়তাবাদের মিথ্যা অভিযোগ আরোপ করে তালেবানকে মুরতাদ প্রমাণের নিকৃষ্ট চেষ্টা চালায়। যদিও জাতীয়তাবাদী মানেই মুরতাদ কিনা সে বিষয়টিও বিশদ আলোচনার দাবি রাখে। যাইহোক, আজ আপনাদের সামনে তালেবান কি জাতীয়তাবাদী কি না সে বিষয়টিই তুলে ধরা উদ্দেশ্য। আইএস ভক্তদের সরবরাহ করা আল-জাজিরার ভিডিওটিতে দেখা যায়- একজন সাবেক তালেবান অফিসিয়াল বলতেছেন যে, ' তালেবানরা বলেন- আমরা আফগানিস্তানের ভৌগলিক সীমারেখা অনুযায়ী আফগানিস্তান স্বাধীন

করতে চাই। আমরা রাশিয়ায় আক্রমণ করতে চাই না, আমরা আমেরিকাতেও আক্রমণ করতে চাই না।'

সাবেক তালেবান অফিসিয়ালের এই বক্তব্যকে কেন্দ্র করে এ দেশের কিছু আইএসের অনুসারী তালেবানকে প্রথমে জাতীয়তাবাদী এবং পরে মুরতাদ বলে আখ্যায়িত করেছে। আইএস অনুসারীদের ঐ বক্তব্যে তাদের ইসলামী শরীয়ত বিমুখতা এবং শরীয়ত সম্পর্কে অজ্ঞতার বিষয়টি স্পষ্ট হয়েছে বলে মনে করি। যাইহোক, আজ তাদের ঐ ভ্রান্ত চিন্তাধারার শরয়ী বিশ্লেষণপূর্বক জবাব দেওয়ার ইচ্ছা করেছি, ওয়ামা তাওফিকী ইল্লা-বিল্লাহ।

জাতীয়তাবাদ বা আসাবিয়্যাত মানে কি?

তালেবানদের বিরুদ্ধে আইএস অনুসারীদের তোলা জাতীয়তাবাদ বা আসাবিয়্যাতের অভিযোগের বিষয়টি নিয়ে আলোচনার পূর্বে শরীয়তের দৃষ্টিতে জাতীয়তাবাদ বা আসাবিয়্যাহ মানে কী তা বুঝতে হবে। আসাবিয়্যাহ বা জাতীয়তাবাদ সম্পর্কে আবু দাউদ শরীফের ৪৯০৫ নম্বর হাদিসে বর্ণিত হয়েছে-

وَعَنْ وَ اثِلَةَ بْنِ الْأَسْقَعِ ﷺ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللهِ مَا الْعَصَبِيَّةُ؟ قَالَ: " أَنْ تُعِينَ قَوْمَكَ عَلَى الظُّلْمِ رواه أبو داود

অর্থাৎ, একজন সাহাবী(হাদিসবর্ণনাকারী) আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করলেন- ইয়া রাসূলুল্লাহ!(সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আসাবিয়্যাহ(জাতীয়তাবাদ) মানে কি? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, ''আসাবিয়্যাহ হলো- জুলুমের ব্যাপারে তোমার কওমকে (জাতিকে) সাহায্য করা।''

সুনানে ইবনে মাজাহ-এর ৩৯৪৯ নম্বর হাদিসে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো সুস্পষ্ট ভাষায় আমাদেরকে আসাবিয়্যাতের সংজ্ঞা জানিয়ে দিয়েছেন। হাদিসটি হলো-

يا رسول الله أمن العصبية أن يحب الرجل قومه قال لا ولكن من العصبية أن يعين الرجل قومه على الظلم

অর্থাৎ, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করা হলো- হে আল্লাহর রাসূল!(সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যদি কোন লোক তার জাতিকে ভালোবাসে, তাহলে এটা কি আসাবিয়্যা বলে গণ্য হবে? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন- না, বরং আসাবিয়্যাহ হলো- কোন লোক তার কওমকে জুলুমের ব্যাপারে সাহায্য করা।

উপরোক্ত হাদিসদুটির আলোকে বুঝে আসে- আসাবিয়্যাত মানে এই না যে, নিজ জাতিকে ভালোবাসা বা একটি নির্দিষ্ট ভূখণ্ডে দৃষ্টি নিবদ্ধ করা। বরং, জাতীয়তাবাদ বা আসাবিয়্যাত মানে হলো- নিজ জাতিকে জুলুমের ব্যাপারে সাহায্য করা। অর্থাৎ,শরীয়তের উপরে নিজ জাতিকে প্রাধান্য দেওয়া।

এখন আমরা মূল আলোচনায় আসতে পারি ইনশাআল্লাহ।

প্রথমত, তালেবানকে জাতীয়তাবাদী বলার ব্যাপারে আইএস অনুসারীদের চিন্তাধারা হলো- কেবল আফগানিস্তানের প্রতি তালেবানের দৃষ্টি নিবদ্ধ করা। আর, এটাকেই আইএস অনুসারীরা জাতীয়তাবাদ বলে চালিয়ে দিচ্ছে এবং তালেবানকে মুরতাদ প্রমাণে এটাকে অন্যতম দলিল হিসেবে পেশ করছে!! কিন্তু, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিসে আমরা দেখলাম যে, আইএস অনুসারীদের জাতীয়তাবাদ সম্পর্কে এরূপ চিন্তাধারার শরীয়তে কোন ভিত্তি নেই। বরং, এ ধরণের চিন্তাধারা হলো সেক্যুলার জাতীয়তাবাদী চিন্তাধারা, যেখানে জাতীয়তাবাদকে সংজ্ঞায়িত করা হয় একটি নির্দিষ্ট ভূখণ্ড বা ভাষাভিত্তিক জাতির উপর ভিত্তি করে। অন্যদিকে, শরীয়তের দৃষ্টিতে জাতীয়তাবাদ মানে হলো- ইসলামী শরীয়তের উপরে গোত্র, বর্ণ, জাতিগত পরিচয়কে প্রাধান্য দেওয়া। আর, এই নীতি অবলম্বন করে জুলুমের ব্যাপারে নিজ জাতিকে সাহায্য করা। অর্থাৎ, কেউ যখন তার পিতৃপরিচয়, বা গোত্র পরিচয়- এগুলোর কারণে আল্লাহ বা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আনুগত্য করেনি, বা এসব কারণে শরীয়তের হুকুম লঙ্ঘন করেছে বা শরীয়তের নির্ধারিত সীমার মধ্যে থাকেনি তখন সেটাকে বলা হয়েছে জাতীয়তাবাদ। আল-ওয়ালা ওয়াল-বারাআকে জাতীয়তা বা সীমান্ত দিয়ে সংজ্ঞায়িত করা; যেমন- যে বাংলাদেশী সেই আমার বন্ধু, যে বাংলাদেশী নয়, তার ব্যাপারে আমার কোন দায়িত্ব নেই!- এরূপ করাটা হলো শরীয়তের দৃষ্টিতে আসাবিয়্যাহ বা জাতীয়তাবাদ। কিন্তু, এগুলোর কোনোটিই

তালেবান মুজাহিদীনের বিরুদ্ধে প্রমাণিত হয় না। সুতরাং, তালেবানদের উপর আইএস অনুসারীদের আনীত জাতীয়তাবাদের অভিযোগ সম্পূর্ণ ভ্রান্ত । আর, এখানে আইএস অনুসারীদের মূর্খতার বিষয়টিও প্রমাণিত হয়েছে। আশা করি, বিষয়টি কারো কাছে এখন অস্পষ্ট নেই।

দ্বিতীয়ত, এখন প্রশ্ন হতে পারে- তালেবান কি আল-ওয়ালা ওয়াল-বারাআকে সীমান্ত দিয়ে সংজ্ঞায়িত করেছে? আমেরিকা বা রাশিয়া অর্থাৎ বহির্বিশ্বে তালেবানের আক্রমণ না করার ব্যাপারে শরীয়ত কী বলে?

এ ব্যাপারে আমি সংক্ষেপে কিছু কথা বলাই যথেষ্ট মনে করছি। আল্লাহু আ'লাম। আল-ওয়ালা ওয়াল-বারাআর ক্ষেত্রে তালেবানরা যে সীমান্তকে বা জাতীয়তাকে প্রাধান্য দেয়নি, তা সারা বিশ্ববাসীর নিকট সুস্পষ্ট। যখন শায়েখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহকে আমেরিকার হাতে তুলে দেওয়ার জন্য তালেবান প্রধানকে বলা হলো, তখন তালেবান প্রধানের প্রতিক্রিয়া সবার কাছে দিনের আলোর ন্যায় পরিষ্কার। তালেবান তখন আল-ওয়ালা ওয়াল-বারাআর ব্যাপারে সীমান্ত বা জাতীয়তাকে প্রাধান্য দেননি। বরং, নিজেদের জান-মালকে হুমকির মুখোমুখি করেও একজন মুসলিম ভাইকে কাফেরদের হাতে তুলে না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। একইভাবে, সীমান্ত বা জাতীয়তার পার্থক্যকে দূরে ঠেলে সারাবিশ্বের যেখান থেকে মুহাজিরিন ও মুজাহিদীন হিজরত করেছেন তাদের সকলকে তালেবান সরকার আশ্রয় দিয়েছেন, সাহায্য করেছেন। উনাদের তখনো এই শক্তি ছিল না যে, উনারা আফগানিস্তান থেকে বাহিনী নিয়ে বের হয়ে কাশ্মীর মুক্ত করে ফেলবেন। কিন্তু, উনারা কাশ্মীরী মুজাহিদীনকে আফগানিস্তানে ট্রেনিং নিতে দিয়েছেন। সাধ্যমত বিভিন্ন দলকে সহায়তা করার চেষ্টা করেছেন। মাসউদ আজহার সাহেবকে যখন মুক্ত করা হলো, তখন সেই প্লেন আফগানিস্তানে ল্যান্ড করেছে। সুতরাং বাস্তবতা হলো- ইমারত শক্তিশালী থাকাকালীন তাদের আল-ওয়ালা ওয়াল বারাআর নীতি ছিল শরীয়তেরই নীতি। আর আজও তারা সেই নীতির উপরই প্রতিষ্ঠিত আছে বলে মনে করি।

আর, যদি তালেবানের বহির্বিশ্বে আক্রমণের বিষয়ে বলি, তাহলে বুঝতে হবে- ইসলামী ইমারত কি এখনো পুরো আফগানিস্তান দখল করতে পেরেছে? উনারা কি পুরো খোরাসানে তামকিন পেয়েছেন? - না । বরং, উনারা গেরিলা যুদ্ধে লিপ্ত।

যেখানে কখনো শত্রুরা জিতে, কখনো উনারা জিতেন। এই অবস্থায় উনারা কেনো শত্রু সংখ্যা বাড়াতে চাইবেন? এটা নববী সিয়াসা আশ-শরীয়াহ এর একটি নীতি- শত্রু সংখ্যা কম রাখা । দায়েশ যেমন সারা দুনিয়ার মুসলিমদের কাছে বায়াত চেয়েছে, অথচ তাদের ইমারতের তামকিন ছিল ইরাক ও সিরিয়া আর কিছু জায়গার মধ্যে সীমাবদ্ধ। তাদের ঘোষণা গ্লোবাল ছিলো- কিন্তু সেই কথার পেছনে কোন বাস্তবতা ছিল না।

তালেবানের মুজাহিদীনের এখন বহির্বিশ্বে আক্রমণ না করার কথা বলায় তো শরয়ী কোন সমস্যা নেই! আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তো একই সময়ে সবার সাথে যুদ্ধ করেননি! প্রথমে আগ্রাসী কুরাইশের বিরুদ্ধে রক্ষণাত্মকভাবে, তারপর ইহুদী, তারপর বাকি আরববিশ্ব। এই ছিল আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নীতি। আর, তালেবান মুজাহিদীন যদি বহির্বিশ্বে আক্রমণ না করার কথাও বলেন, তারা কি বহির্বিশ্বে আক্রমণ করাকে হারাম সাব্যস্ত করেছেন?!!!! না, বরং এমন একটি দলের (আল-কায়েদা) বায়াত গ্রহণ করেছেন যে দলটি সারাবিশ্বে লড়াই চালিয়ে যাচ্ছেন। সুতরাং, তালেবান মুজাহিদীনের বিরুদ্ধে বৈশ্বিক জিহাদবিরোধীর অভিযোগ তোলা মূর্খতা ও শয়তানী বৈ নয় ।

আবার দেখুন- যদি আমি দায়েশের কথা মেনেও নেই, তাহলে সর্বোচ্চ এটা বলা যায় যে, তালিবান একটি স্থানীয় জিহাদী আন্দোলন। তারা আফগানিস্তানে ইসলামী ইমারত কায়েমের জন্য কাজ করে যাচ্ছেন। অর্থাৎ, তারা স্থানীয় জিহাদ করছেন। তাও কিন্তু জাতীয়তাবাদ বলা যায় না।

মূলত: দায়েশের(আইএস) সমস্যা হলো তারা কিছু নতুন পরিভাষা তৈরি করেছে। শাহওয়াত, জাতীয়তাবাদ- এই সব। এগুলোর সংজ্ঞা কী, সেটা তারা পরিষ্কার করে না। এগুলো শরয়ী পরিভাষা নয়। কিন্তু, এই পরিভাষার উপর ভিত্তি করে তারা শরয়ী হুকুম প্রয়োগ করে।

যেমন:-

১। অমুক ব্যক্তি জাতীয়তাবাদী।

২। জাতীয়তাবাদ রিদ্দা(এখানে কিন্তু তাফসিল প্রয়োজন, যে জাতীয়তাবাদ বলতে কী বুঝানো হচ্ছে)

৩। অতএব, অমুক ব্যক্তি মুরতাদ।

এগুলো হলো জাহালতের কথা। আর তাদের বিকৃত মানহাজের পরিচায়ক। তাদের লিডাররা এগুলো বুঝে শুনেই করে। কারণ তারা চায়, দুনিয়াতে তারাই একমাত্র বৈধ জিহাদী জামাআত- এটা প্রমাণ করতে। আর তাদের কর্মীরা বেশিরভাগই মাথামোটা। এরা মুখস্থ কথা বলে, এদের পড়াশোনা কম। সাম্প্রতিক সময়ে অনলাইনে তাদের কার্যক্রমই তাদের মূর্খতার পরিচয় বহন করে! যাইহোক, আল্লাহর কাছে দ্বীনী বিষয়ে মূর্খতা থেকে পানাহ চাই।

“আমি আবেগী হতে পারি, তবে নই বাস্তবতায় বিমুখ, জানি কারাগার কেড়ে নিতে পারে মোর জীবনের সব সুখ। জেনে বুঝেই আমি বেছে নিয়েছি শত কষ্টের এই পথ,যে পথ নিয়ে যাবে জান্নাতে, সে পথে অটল থাকার করেছি শপথ।”

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১২০০

আলকায়েদা ও তালেবানের মানহাজগত পার্থক্য : প্রোপাগান্ডা ও বিশ্লেষণ

Ibne Taimiya

Member

০৯-২২-২০১৮

ইদানিং ফেসবুকে কিছু ভাই প্রচার করে বেড়াচ্ছে যে, আলকায়েদা ও তালেবানের মানহাজ ভিন্ন। নিঃসন্দেহে এসব কথাবার্তা বিভ্রান্তিকর, অযৌক্তিক ও নিতান্তই অজ্ঞতাপ্রসূত।

আমি লক্ষ্য করছি, কিছু দ্বীনী ভাই- যাদেরকে আমি আলকায়েদার সমর্থক মনে করি- তাদের এসব অযৌক্তিক ও অনভিজ্ঞ অথচ চটকদার কথাবার্তার মায়াজালে বিভ্রান্তিতে পতিত হচ্ছেন বা অস্বস্তিকর অবস্থায় পড়ছেন। তাদের জন্যই এই লেখাটি।

আমি আমার সংক্ষিপ্ত জানাশোনা ও অনভিজ্ঞ কলমের মাধ্যমে একথা বুঝানোর চেষ্টা করবো যে, যেই বিষয়গুলোর মাধ্যমে তানযীম আলকায়েদা ও ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের মানহাজগত পার্থক্য ফুটে উঠে, তার বাস্তবতা আসলে কী?

আশা করি, এই লিখাটি পাঠ করে আমরা একথাও বুঝে উঠতে সক্ষম হবো, যেই ভাইয়েরা এসব কথা ছড়াচ্ছে, তাদের উদ্দেশ্য হয়তো মুজাহিদিন ও তাদের সমর্থকদের মাঝে বিভ্রান্তি ও ফাটল সৃষ্টি করে ইসলামের বিজয়কে বিলম্বিত করা, নয়তো তারা ইসলামের সমরনীতি, সমকালীন বিভিন্ন যুদ্ধকৌশল এবং আক্রমণাত্মক ও আত্মরক্ষামূলক যুদ্ধের মধ্যকার মৌলিক ও নীতিগত পার্থক্যগুলোর ব্যাপারে চরম অজ্ঞ।

আসুন, শুরু করা যাক।

অত্যন্ত ধৈর্য্যের সাথে সবাই কে শেষ পর্যন্ত সাথে থাকার অনুরোধ করছি। আমি এই প্রবন্ধের সূচনাতেই এর সর্বশেষ ফলাফলটি ঘোষণা করে দিচ্ছি, যেন

প্রতিটি ছত্র এগিয়ে যাবার সাথে সাথে এই ফলাফলের যথার্থতা ও বাস্তবতা পাঠকের হৃদয়ঙ্গম হতে থাকে। আর তা হলো- "আলকায়েদা ও তালিবানের মাঝে পার্থক্য কখনোই মানহাজগত নয়, বরং যুদ্ধকৌশল ও সমরনীতিগত।" এই কথাটি মনে রেখে আমরা সামনের দিকে অগ্রসর হতে থাকবো। প্রথমে আমাদের তিনটি বিষয় খুব ভালো করে বুঝতে হবে, যেই তিনটি বিষয়ের অজ্ঞতার কথা আমি উপরে উল্লেখ করেছি।

তা হলো-

এক. সমকালীন যুদ্ধনীতি।

দুই. আক্রমণাত্মক ও আত্মরক্ষামূলক যুদ্ধের মাঝে কিছু কৌশলগত পার্থক্য।

তিন. ইসলামী সমরনীতির একটি বিশেষ দিক।

>> সমকালীন পশ্চিমা যুদ্ধনীতি

১৯৮৯ সালে কয়েকজন প্রথম সারির অ্যামেরিকান সামরিক বিশেষজ্ঞ মতপ্রকাশ করেন, “ভবিষ্যৎ যুদ্ধগুলোর ক্ষেত্রে সামরিক ক্ষেত্রে একটি মৌলিক পরিবর্তন সংঘটিত হবে।”

তাদের ধারণা ছিল, একবিংশ শতাব্দীতে এক নতুন ধরনের যুদ্ধকৌশলের উদ্ভব ঘটবে এবং পুরনো কৌশলগুলোকে হটিয়ে নতুন এ যুদ্ধকৌশলই যুদ্ধের ময়দান নিয়ন্ত্রন করবে । তারা এর নাম দেন “চতুর্থ প্রজন্মের যুদ্ধ” [Fourth Generation War]। অনেকে একে Assymmetric War বা "শক্তির ভারসাম্যহীনতার যুদ্ধ বলেও অভিহিত করেন।

সামরিক ইতিহাসবিদদের মত অনুযায়ী ইউরোপের শিল্পবিপ্লবের পর সামরিক কৌশল ও যুদ্ধের ধরন তিনটি মূল পর্যায়ের মধ্য দিয়ে অগ্রসর হয়েছে। প্রথম পর্যায় ছিল সারিবদ্ধ ভাবে প্রাথমিক যুগের রাইফেল হাতে বিপুল সংখ্যক সেনা শত্রুর বিপরীতে মুখোমুখি যুদ্ধে লিপ্ত হওয়া।

দ্বিতীয় পর্যায়ের যুদ্ধের উদাহরণ হল অ্যামেরিকার গৃহযুদ্ধ এবং প্রথম বিশ্বযুদ্ধ। এ যুদ্ধের বৈশিষ্ট্য ছিল প্রবল গুলিবর্ষণের মাধ্যমে যথাসম্ভব শত্রুর সেনা ও শত্রুর সম্পদের ক্ষতি করার চেষ্টা করা।

তৃতীয় প্রজন্মের যুদ্ধে আগের পর্যায়গুলোর তুলনায় কিছু মৌলিক পরিবর্তন দেখা দেয়। এ প্রজন্মের যুদ্ধের বৈশিষ্ট্য ছিল ট্যাংক ও বিমানের দ্বারা বিভিন্ন সামরিক বিন্যাস [formation] ব্যবহারের মাধ্যমে, শত্রুকে ঘিরে ফেলা। বিশেষজ্ঞদের মতে, "চতুর্থ পর্যায়ের যুদ্ধ একটি নতুন ধরনের যুদ্ধ। এতে যুদ্ধ হবে মূলত ছড়িয়ে ছিটিয়ে। কোন নির্দিষ্ট স্থানে যুদ্ধ সীমাবদ্ধ থাকবে না। বিশেষজ্ঞরা আরো বলেন, চতুর্থ প্রজন্মের যুদ্ধের ক্ষেত্রে যুদ্ধ ও শান্তির মাঝের পার্থক্যগুলো ক্রমশ মুছে একপর্যায়ে বিলীন হয়ে যাবার অবস্থা হবে। অর্থাৎ যুদ্ধাবস্থা এবং শান্তিকালীন অবস্থার মাঝে যে পার্থক্য আগের পর্যায়গুলোতে ছিল, সেটা চতুর্থ প্রজন্মের যুদ্ধে মুছে যাবে। এক অর্থে বলা যায়, যুদ্ধের চূড়ান্ত ফায়সালার আগে উভয় পক্ষই অবিরাম যুদ্ধে [Perpetual War] লিপ্ত থাকবে। আর এ যুদ্ধের প্রতিপক্ষ হবে ভূতের মতো। যার আবির্ভাব ঘটবে হঠাৎ, আবার হঠাৎ করেই সে মিলিয়ে যাবে। একই সময় একাধিক জায়গায় উদয় হবে আবার তাকে ধাওয়া করতে গেলে কিছু বুঝে ওঠার আগেই হারিয়ে যাবে।" ১৯৮৯ সালে পশ্চিমা সমরবিদরা এই নতুন ধরনের যুদ্ধের আবির্ভাব নিয়ে আলোচনা করার সময় এ পুর্বাভাসও করেছিলেন যে "চতুর্থ প্রজন্মের যুদ্ধ পশ্চিমা সামরিক শক্তির জন্য বেশ কিছু জটিলতার সৃষ্টি করবে। আর তাই এ যুদ্ধে বিজয়ী হবার জন্য পশ্চিমা সামরিক বাহিনীগুলোকেও মৌলিক ভাবে নিজেদের পরিবর্তন করতে হবে। দর্শন ও বাস্তবায়ন [Ideology & Operation] উভয় ক্ষেত্রে।"(শেষ)

এখানে লক্ষ্যনীয় যে, যারা আমেরিকা ও তার দোসরদের সাথে ৪G স্টাইলে যুদ্ধ করবে, অর্থাৎ যে যুদ্ধে আমেরিকার প্রতিপক্ষ হবে ভূতের মতো, যার আবির্ভাব ঘটবে হঠাৎ, আবার হঠাৎ করেই সে মিলিয়ে যাবে, একই সময় একাধিক জায়গায় উদয় হবে আবার তাকে ধাওয়া করতে গেলে কিছু বুঝে ওঠার আগেই হারিয়ে যাবে- তাদের ক্ষেত্রে আমেরিকার যুদ্ধকৌশল ভিন্ন হবে। আর যারা একটি নির্দিষ্ট ভুখণ্ডে থেকে আমেরিকার আগ্রাসনের বিরুদ্ধে যুদ্ধ করবে, তাদের ক্ষেত্রে আমেরিকার যুদ্ধকৌশল ভিন্ন ধরনের হবে।

মোটকথা, উভয় রকম প্রতিপক্ষের বিরুদ্ধে আমেরিকান 'ওয়ারপলিসি' যেমন ভিন্ন হবে, তেমনি উভয় প্রতিপক্ষের জন্য আমেরিকার বিরুদ্ধে ভিন্ন ভিন্ন যুদ্ধকৌশল ও সমরনীতি গ্রহণ করতে হবে।

>> আক্রমণাত্মক ও আত্মরক্ষামূলক যুদ্ধের মাঝে মৌলিক কিছু পার্থক্য

এটি একটি সাধারণ বিষয় যে, আক্রমণাত্মক ও আত্মরক্ষামূলক যুদ্ধের মাঝে কৌশলগত কিছু ভিন্নতা থাকবে। যেমন আক্রমণকারী দলের যুদ্ধনীতি হয় আগ্রাসী ও আপোসহীন। আক্রমণকারী তার শত্রুকে সুস্পষ্টভাবে শত্রু হিসেবে ঘোষণা করে এবং উপর্যুপরি আক্রমণের মাধ্যমে প্রতিপক্ষকে দুর্বল করে ফেলে। অপরদিকে আক্রমণকারীর তুলনায় আত্মরক্ষাকারী যেহেতু স্বাভাবিকভাবেই কিছুটা দুর্বল হয়ে থাকে, সেক্ষেত্রে আত্মরক্ষাকারী তার আঞ্চলিক ও অন্যান্য আদর্শিক শত্রুদের সাথে বিরোধ মিটিয়ে ফেলতে এবং আন্তর্জাতিক জনমতকে পক্ষে নিতে সচেষ্ট হয়, তাদের সহায়তা নেয়ার চেষ্টা করে। এবং এমন সকল বিষয়কে এড়িয়ে চলে, যা তার আঞ্চলিক ও আদর্শিক শত্রুকে তার বিরুদ্ধে নতুন করে উস্কে দেয়, এবং আন্তর্জাতিক জনমতকে তার বিরুদ্ধে নিয়ে যায়।

>> ইসলামের একটি বিশেষ যুদ্ধনীতি

ইসলামী যুদ্ধনীতির একটি বিশেষ দিক হচ্ছে শত্রুদের ধোকার মধ্যে রাখা। রাসূল সা. এর সীরাতে এর অনেক উদাহরণ আছে। গাযওয়ায়ে খন্দকে নুয়াইম বিন মাসউদ ও কা'ব বিন আশরাফকে হত্যার ক্ষেত্রে মুহাম্মাদ বিন মাসলামা রাযি. এর ঘটনা যার মধ্যে অন্যতম।

সহীহ বুখারী হাদীসে এসেছে রাসূল সা. বলেছেন- " **الحرب خدعة** " যুদ্ধ মানেই ধোকা। ইবনে হাজার রহ. এই হাদীসের ব্যাখ্যায় ফাতহুল বারী তে উল্লেখ করেছেন যে, 'খুদআ' অর্থাৎ ধোকার অর্থ হল, মৌখিকভাবে এমন কথা প্রকাশ করা যা অন্তরের বিপরীত। ইমাম নববী রহ. এর ব্যাখ্যায় লিখেন, সমস্ত ওলামায়ে কেরাম এ ব্যাপারে একমত যে, যুদ্ধের সময় চুক্তি ও আমান ভঙ্গ ছাড়া যে কোনো পদ্ধতিতে ধোকা দেয়া বৈধ। বরং অনেক ফুক্বাহা একে মুস্তাহাবও বলেছেন।

আশা করি, একজন মনোযোগী পাঠক হিসেবে ইতিমধ্যেই আপনি উপলব্ধি করতে পেরেছেন, কেন আলকায়েদা ও তালেবানের যুদ্ধকৌশলের মাঝে একটি মোটা দাগের পার্থক্য থেকে যাবে, এবং কিভাবে এই রণকৌশলগত পার্থক্যই কখনো উভয় দলের মানহাজগত পার্থক্যের রূপ পরিগ্রহ করতে পারে। তবে যারা এখনও স্পষ্টভাবে বোঝেন নি এবং ধৈর্য্যও হারান নি, তাদের কে অনুরোধ করবো আরও কিছুক্ষণ সাথে থাকুন, এবারে আমরা আমাদের মূল আলোচনায় যাবো।

আসলে যারা জামাত কায়েদাতুল জিহাদ ও ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের মাঝে মানহাজগত পার্থক্যের দাবি করে থাকে, তাদের এই অসার দাবির ভিত্তি হল ইমারতে ইসলামিয়ার অফিসিয়াল ওয়েবসাইট থেকে প্রকাশিত বিভিন্ন সময়ের কিছু বার্তা ও বিবৃতি, যেগুলোর মাঝে কৌশলগত কারণে এমন কিছু বিষয় প্রকাশ করা হয়েছে, যাতে বাহ্যিকভাবে আলকায়েদা ও তালেবানের মানহাজগত পার্থক্য ও নীতিগত সাংঘর্ষিকতা ফুটে উঠে।

এর কিছু উদাহরন হল- আলকায়েদা যেমন মুসলিমদের বিরুদ্ধে আমেরিকাকে সাহায্যকারী সৌদি সহ সকল মুসলিম রাষ্ট্রের শাসকবর্গকে এবং আল্লাহর শরীয়াহ পরিবর্তনকারী মুসলিম দাবিদার রাষ্ট্রপ্রধান ও তাদের সেনাবাহিনীকে তাগূত আখ্যা দেয় এবং তাকফীর করে, ইমারতে ইসলামিয়া সরাসরি এমন ঘোষণা দেয় না। বরং কখনো এজাতীয় নামধারী মুসলিম শাসকদের (বিভিন্ন বার্তা বিবৃতিতে) ভাই হিসেবে সম্বোধন করে।

এছাড়াও আছে- ইমারতে ইসলামিয়া কর্তৃক আলকায়েদার সবচেয়ে সফল অপারেশন ৯/১১ এর বরকতময় হামলার সঙ্গে যেকোনো ধরণের সংশ্লিষ্টতা অস্বীকার করা। যেমন ২০ সেপ্টেম্বর ২০১৭ তে তালেবানের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত এক বার্তায় উল্লেখ করা হয়-

"২০০১ এর ৯/১১ এর ঘটনার পর ষোল বছর পেরিয়ে গেছে, অথচ এখনো পর্যন্ত এই ঘটনার প্রকৃত হোতাদের উন্মোচন করতে না কোনো নিরপেক্ষ আন্তর্জাতিক তদন্ত করা হয়েছে, আর না করতে দেয়া হয়েছে। একইভাবে এই শিরোনামের অধীনে গণহত্যা চালানো, দেশ দখল করা বিশ্বে এখনো বন্ধ হয় নি।

ইমারতে ইসলামিয়া একেবারে শুরু থেকে এই ঘটনায় যেকোন প্রকারের সংশ্লিষ্টতা অস্বীকার করে এসেছে এবং এই ঘটনার তীব্র নিন্দা করেছে।

কিন্তু এসত্ত্বেও আফগান জাতিকে এই ঘটনার কারণে অন্য যেকারো চাইতে বেশি ভোগান্তির শিকার হতে হয়েছে। এই সকল ইঙ্গিত থেকে একটি প্রশ্নই জাগ্রত হয় যে, এটি কি আসলেই পূর্বপরিকল্পিত ষড়যন্ত্র ছিল যার মাধ্যমে ইসলামী ব্যবস্থা এবং ইসলামী পুনর্জাগরণ বিশ্বে রুখে দেয়া যেতে পারে? কারণ এর নাম নিয়ে আমেরিকা ও তার মিত্ররা ইসলামী ব্যবস্থার পতন ঘটিয়েছে, আফগান জাতির স্বাধীনতা হরণ করেছে এবং গোত্রীয় ও সাম্প্রদায়িক রেষারেষি সৃষ্টি করেছে। তারা আমাদের প্রাকৃতিক সম্পদ লুটপাট করেছে একদিকে, অন্যদিকে দেশে বন্দীখানা বানিয়ে মানবাধিকার লঙ্ঘন করেছে।"(শেষ)

(এই বক্তব্যের উদ্দেশ্য যে আমেরিকার আগ্রাসীনীতি আর নিরীহ আফগানদের মজলুমিয়্যাত বিশ্ব বিবেকের সামনে তুলে ধরা, তা বুঝতে খুব বেশি বুদ্ধির প্রয়োজন হয় না।)

যদিও এর বিপরীত তালেবানের অন্যান্য একাধিক বার্তা ও বিবৃতিতে পরক্ষ ও প্রত্যক্ষভাবে উভয় দলের হৃদ্যতা, একতা, তালেবান কর্তৃক আলকায়েদার বাইআহ গ্রহণ, ৯/১১ এর ঘটনার প্রশংসা এবং ইমারতের পক্ষ থেকে আলকায়েদাকে তার সকল কর্মকাণ্ডের জন্য 'ইযনে আম' প্রদান ইত্যাদি বিষয় উঠে এসেছে। তবে কুরআনের নীতি অনুযায়ী - যাদের অন্তর বক্র, তারা তো কেবল ধোয়াশাপূর্ণ বিষয়ের পেছনেই লেগে থাকে ফিতনা সৃষ্টির উদ্দেশ্যে।

যাই হোক, তবুও আমরা উপরোল্লিখিত আমাদের তিন নীতিমালার ভিত্তিতে এজাতীয় বার্তা ও বিবৃতির কৌশলগত দিকগুলো বিশ্লেষণ করার চেষ্টা করবো।

আমরা উপরে জেনে এসেছি 4G warfare তথা চতুর্থ প্রজন্মের যুদ্ধনীতির কথা। এটি এমন এক রণকৌশল, যত বড় সুপার পাওয়ার, অত্যাধুনিক প্রযুক্তি ও সমরাস্ত্র সমূহের অধিকারীই হোক না কেন, এই কৌশলকে দমন করতে ব্যর্থ। স্বয়ং অ্যামেরিকার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাবেক কর্মকর্তা মাইকেল ভিকারস এই কৌশল সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বলেছিলেন যে, "আমাদের অস্ত্র-সরঞ্জাম, প্রযুক্তি ও যুদ্ধকৌশল এ ধরনের যুদ্ধের (4th Generation Warfare) জন্য উপযুক্ত না।"

আলকায়েদা নেতৃবৃন্দের সবচেয়ে সফল আবিষ্কার হলো- এই ৪G Warfare যা বিশ্ব ইতিহাসের মোড় ঘুরিয়ে দিয়েছে। আমেরিকার সকল স্বপ্নকে ধূলিসাৎ করে দিয়েছে এবং সকল ক্রুসেডার ও যায়নিস্টদের শান্তি-ঘুম কেড়ে নিয়েছে। আলকায়েদার উদ্ভাবিত এই ভিন্নধর্মী যুদ্ধকৌশল শক্তি ও সরঞ্জামের সীমাবদ্ধতা সত্ত্বেও তাদের হাতে এমন কিছু বাড়তি সুবিধা এনে দিয়েছে, যা অন্যকোনো ক্ষেত্রে সম্ভব নয়।

যেহেতু আলকায়েদার নির্দিষ্ট কোনো ভূখণ্ড নেই আবার পৃথিবীর সকল ভূখণ্ডই তাদের ভূখণ্ড, এবং যেহেতু তারা সবরকম ধরাছোঁয়ার বাইরে, হঠাৎ উদয় হয়ে সহসা হারিয়ে যাওয়া অতিপ্রাকৃতিক বৈশিষ্ট্যের অধিকারী, তাই আলকায়েদা মুসলিমদের চিরশত্রু সকল ক্রুসেডার, যায়নিস্ট ও মুসলিম নামধারী তাদের দোসরদের একক ও সম্মিলিত শত্রু হিসেবে ঘোষণা করে একই সাথে তাদের সকলের বিরুদ্ধে এক অমিমাংসিত যুদ্ধে লিপ্ত হয়েছে। এটি সম্ভব হয়েছে কেবল সেই অভূতপূর্ব যুদ্ধকৌশলটি গ্রহণের কারণে।

এর বিপরীতে তালেবানের অবস্থা ও অবস্থান একদমই ভিন্ন। তারা নির্দিষ্ট একটি ভূখণ্ডে থেকে আমেরিকার বিরুদ্ধে প্রতিরক্ষামূলক যুদ্ধ চালিয়ে যাচ্ছে। এই অবস্থায় যদি তারা পুরো পৃথিবীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, তাহলে কি হিতে বিপরীত না হয়ে উপায় আছে?

আলকায়েদা পৃথিবীর সকল কুফ্ফার ও তাদের দোসরদের জন্য এক মূর্তমান আতঙ্ক। এক জীবন্ত ত্রাস। শত্রুরা মরিয়া হয়ে তাদের সকল প্রযুক্তিকে কাজে লাগিয়ে আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে আলকায়েদার সামান্য চিহ্ন খুঁজে বের করার জন্য। কিন্তু তারা বারবার হতাশ হচ্ছে।

এমতাবস্থায় ৩G নীতিতে যুদ্ধকারী কোনো দলের জন্য কি বুদ্ধিমানের কাজ হবে ঢাকঢোল পিটিয়ে নিজেদেরকে আলকায়েদার সহযোগী ও সহযোদ্ধা হিসেবে ঘোষণা করা?

তালেবানের অবস্থান যেহেতু নির্দিষ্ট, এই নির্দিষ্ট অবস্থানের উপর পুরো পৃথিবী যদি একযোগে আক্রমণ করে বসে, তাহলে কি আফগানের আর এক ইঞ্চি ভূমিরও অস্তিত্ব খুঁজে পাওয়া যাবে?

এই বিষয়টি উপলব্ধি করেই তো শামে আলকায়েদার শক্তিশালী সমর্থক জাবহাতুন নুসরার আমীর শাইখ জাউলানী হাফি. আলকায়েদার নেতৃবৃন্দের পরামর্শক্রমে আলকায়েদার সাথে নিজেদের সম্পর্ক ত্যাগের ঘোষণা দিয়েছিলেন। অতএব আবস্থার চাহিদা অনুযায়ী তো ইমারতে ইসলামিয়ার যুদ্ধকৌশল কিছুটা আপোসমূলক হওয়ারই দাবি করে। যেখানে সে তার শত্রু সংখ্যা কমিয়ে আনবে। শত্রুকে শান্তি আলোচনার আহ্বান জানাবে। এবং কখনও আন্তর্জাতিক জনমতকে পক্ষে টানার জন্য সুকৌশলে আলকায়েদার কর্মকাণ্ডের সঙ্গে সংশ্লিষ্টতা অস্বীকার করবে।

আর হচ্ছেও এমনটাই। তাই বলে কি একে মানহাজগত পার্থক্য বলা যাবে? এটা তো স্রেফ কৌশলগত পার্থক্য। যা কিনা কেবল কিছু রাজনৈতিক বার্তা বিবৃতির মধ্যেই সীমাবদ্ধ।

এছাড়াও আত্মরক্ষামূলক যুদ্ধের কৌশলগত দাবিও তো এই যে, অন্যান্য আঞ্চলিক শত্রুদের সাথে সমঝোতা করে মূল শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করা। অবশ্যই আলকায়েদার যারা শত্রু, তারা তালেবানেরও শত্রু। বরং পুরো মুসলিম বিশ্বেরই তারা শত্রু। কিন্তু এই প্রেক্ষাপটে কি তালেবানের জন্য সকলকে একইসাথে শত্রু ঘোষণা করাটা সমীচীন হবে?

এজন্যই দেখা যায়, বর্তমান আলে সৌদের তাগূত শাসকবর্গকে, যারা আসলেই ইসলাম ও মুসলিমদের চরম শত্রু, যারা নববী ভূখণ্ডের পবিত্রতা নষ্টকারী, আমাদের প্রথম কিবলা বাইতুল মাকদিসের বিক্রেতা, কখনও ইমারতে ইসলামিয়ার অফিসিয়াল ওয়েবসাইটে তাদেরকে ভাই হিসেবে সম্বোধন করে। এটি তো স্রেফ একটি রাজনৈতিক বক্তব্য, যার উদ্দেশ্য হতে পারে মুসলিমদের রক্ত হালালকারী আমেরিকার প্রধান মিত্র সৌদি শাসকদের রক্তচক্ষু থেকে আফগানকে পবিত্র রাখা। আর ইসলামের অন্যতম যুদ্ধনীতি- " الحرب خدعة " এর দাবি অনুযায়ী তো এজাতীয় ধোকা ও প্রতারণামূলক বক্তব্য তো শুধু বৈধই না বরং মুস্তাহাব বিষয়। বস্তুত বিরোধপূর্ণ এসব বক্তব্য এই নীতির আলোকেই দেয়া হয়। অন্যান্য শত্রুদের দমিয়ে রেখে, সীমিত শক্তিকে ঐক্যবদ্ধ করে, একক শত্রুর মোকাবেলায় প্রতিরোধ যুদ্ধকে জোরদার করার জন্য।

আর এজাতীয় যুদ্ধ-কৌশলগত পার্থক্যকেই কেউ কেউ মানহাজগত পার্থক্য ভেবে ধোকা খায় কিংবা পার্থক্য ধরে নিয়ে অন্যদের ধোকা দেয়। এরা হয়তো অন্ধ, অজ্ঞ কিংবা ফিতনা সৃষ্টিকারী। এরা কি দেখেনি ইমারাতে ইসলামিয়ার পর পর তিনজন আমীর আলকায়েদার বাইআহ গ্রহণ করেছেন?

প্রিয় ভাইয়েরা! আশা করি আপনারা বুঝতে পেরেছেন, যেই বিষয়গুলোকে জামাত কায়েদাতুল জিহাদ ও ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের মাঝে মানহাজগত পার্থক্য হিসেবে প্রচার করা হয় তা মূলত মানহাজগত পার্থক্য না, বরং যুদ্ধ-কৌশলগত পার্থক্য।

আক্রমণাত্মক যুদ্ধ ও আত্মরক্ষামূলক যুদ্ধের মাঝে কৌশলগত কিছু পার্থক্য থাকাই কি স্বাভাবিক নয়? কৌশলগত পার্থক্য আর মানহাজগত পার্থক্য কি একই জিনিস?
(কায়েদাতুল জিহাদের আরবী ম্যাগাজিন "আল-আনসার"-এর দ্বিতীয় সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ "Fourth-Generation Wars" ও অন্যান্য সূত্র অবলম্বনে)

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০৮৫৬

তথাকথিত গনতান্ত্রিক রাজনীতির মাধ্যমে ক্ষমতা দখল করে কুরআনী শাসন কায়েম করার দাবি একেবারে অযৌক্তিক

karimul islam

Senior Member

১০-৩১-২০১৮

ان الحمد لله والصلاة والصلاة والسلام علي رسول الله وعلي اله و أصحابه أجمعين

গনতন্ত্রের রাজনীতির মাধ্যমে ক্ষমতায় এসে কোরআন দিয়ে দেশ পরিচালনার দাবিদার অনেক। কিন্তু বিষয়টি খুবই অযৌক্তিক। এ দাবীদাররা হয়ত এ বিষয়ে অজ্ঞ নয়ত জেনে-বুঝে মানুষকে গোমরাহ করার কাজে লিপ্ত। এ বিষয়ে অনেক কথা আছে। সব কথা বলার সুযোগ নেই। বাস্তবতার আলোকে কিছু কথা বলব ইনশাআল্লাহ।যা আশা করি সবার বোধগম্য হবে ইনশাআল্লাহ ।(বিশেষভাবে বাংলাদেশের গনতান্ত্রিক দলগুলোর উত্তর দেওয়ার জন্য এ আলোচনা,এ কারনে এখানে বাংলাদেশ সংবিধান থেকে আলোচনা আসবে বুঝানোর সুবিধার্থে)। পুরো পোস্ট ধর্য্য সহকারে খেয়াল করে পড়ার অনুরোধ রইল। খেয়াল করে না পড়লে বুঝে না ও আসতে পারে।

*কোরআনী আইনে দেশ পরিচালনা বলতে আমরা বুঝি সব বিষয়ে আইন কোরআন-সুন্নাহর হওয়া। ও কোরআন সুন্নাহর বিপরীত কোন আইন না থাকা।এখানে আইন হবে আল্লাহ সুবহানাহু তায়ালার। এর বিপরীতে কারো আইন হবেনা। আর আল্লাহর আইন দেওয়াই আছে। এর জন্য আবার আলাদা সংবিধান বানাতে হবেনা।

*বাংলাদেশের বর্তমান সংবিধান কুফুরী (অন্য সব দেশেরটা ও কুফুরী) । এখানে আল্লাহর আইন নেই। মানব রচিত আইনে এ সংবিধান রচিত। এটা ইসলামী সব গনতান্ত্রিকই স্বীকার করবে।

*তাহলে এখন ফলাফল দাড়াচ্ছে, বর্তমান সংবিধান কুফুরী আর গনতান্ত্রিক ইসলামী দলগুলো ক্ষমতায় এসে এ সংবিধান বাদ দিয়ে কোরআনের আইন কায়েম করবে। কারন এ সংবিধান থাকলে কোরআনী আইন প্রতিষ্ঠা হলোনা। যেহেতু সংবিধান কোরআনী আইনের বিপরীত।তাই এটিকে বাদ করতে হবে।

* এখন আমরা দেখব গনতান্ত্রিক পদ্ধতিতে ক্ষমতার চেয়ার দখল করে সংবিধান বা সংবিধানের কোন বিধান কেউ পরিবর্তনের ক্ষমতা রাখে কিনা? যদি কেউ অন্য পদ্ধতিতে পরিবর্তন করতে চায় তাহলে সংবিধানে তার ব্যাপারে কি বলা হয়েছে?

*সংবিধানের বিধানগুলো ২ প্রকার।

১-মৌলিক। যেগুলো কোনভাবে পরিবর্তন করা যাবেনা।

২-যেগুলো মৌলিক নয়। বিশেষ পদ্ধতিতে পরিবর্তন করা যাবে।

সংবিধানেরদশম ভাগের ১৪২ নং অনুচ্ছেদে বলা হয়েছে সংবিধানের মৌলিক নয় এমন বিধানগুলো কিভাবে পরিবর্তন করা যাবে।

সেখানে বলা হয়েছে , সংবিধান সংশোধনের জন্য বিল জমা দিতে হবে, বিলে কোন বিধান সংশোধন করতে হবে স্পষ্ট উল্লেখ থাকতে হবে। স্পষ্ট করে উল্লেখ না থাকলে এ বিল গ্রহন করা হবেনা। বিল গ্রহন করা হলে এ ব্যাপারে সংসদ সদস্যদের ভোট হবে ও সর্বনিম্ন ৩ ভাগের ২ ভাগ সংসদ সদস্য এ বিলের পক্ষে ভোট দিতে হবে। যদি এর কম ভোট বিলের পক্ষে হয় তাহলে এটি রাষ্ট্রপতির কাছে যাবেনা। ও সংবিধানের সে বিধান পরিবর্তন হবেনা। যদি এ পরিমান সংসদ সদস্য বিলের পক্ষে ভোট দেয় তাহলে এটি রাষ্টপ্রতির কাছে যাবে সে ৭ দিনের মাঝে এ বিল মঞ্জুর করবেন। তাহলে সে বিধান পরিবর্তন হবে।

*এখানে আমরা দেখলাম কিভাবে সংবিধানের অমৌলিক বিধান পরিবর্তন করা যাবে।
এখন আমরা দেখব সংবিধানের মৌলিক বিধান কখনো পরিবর্তন করা যাবেনা। এ ব্যাপারে সংবিধানের প্রথম ভাগের ৭ এর খ অনুচ্ছেদে বলা হয়েছে "১৪২ নং অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন কিছু বিধান কখনো পরিবর্তন করা যাবেনা এর মাঝে আছে প্রথম, ২য় ও ৩য় ভাগের সকল বিধান ও একাদশ ভাগের ১৫০ নং আনুচ্ছেদ সহ অন্যান্য মৌলিক বিধান"

*তাহলে আমরা বুঝতে পারলাম সংবিধানের বিধান ২ ধরনের। ১-মৌলিক যা অপরীবর্তনীয়। এ অপরীবর্তনীয় বিধানের মাঝে প্রথম ও ২য় ভাগের বিধান ও অন্তর্ভুক্ত।

২-অমৌলিক। যেগুলো পরিবর্তন করা যাবে ১৪২ অনুচ্ছেদে যেভাবে বলা হয়েছে সেভাবে।

*এখন আমরা দেখব যে বিধান কখনো পরিবর্তন করা যাবেনা সে বিধানগুলোর মাঝে কি কি বিধান রয়েছে। সেখানে কোন কুফরী বিধান আছে কিনা?

এখানে অনেক কুফরী বিধান আছে আমি মাত্র ২ টি উল্লেখ করব।

সংবিধানের প্রথম ভাগের ৭ এর ১ অনুচ্ছেদে উল্লেখ আছে প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগন।

৭ এর ২ অনুচ্ছেদে আছে এই বাংলাদেশের সংবিধান প্রজাতন্ত্রের মানে বাংলাদেশের সর্বোচ্চ আইন।

*২য় ভাগে ৮ এর ২ নং অনুচ্ছেদে আছে গনতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষবাদ, জাতীয়তাবাদ এগুলো হচ্ছে বাংলাদেশ পরিচালনার মূলোনীতি।

*তাহলে আমরা বুঝতে পারলাম এ সংবিধানের যে সকল বিধান কখনো পরিবর্তন করা যাবেনা গনতান্ত্রিক পদ্ধতিতে সেগুলোর মাঝে রয়েছে বড় বড় কুফর।

**এখন ইসলামী গনতান্ত্রিকদের কাছে প্রশ্ন হচ্ছে আপনারা গনতন্ত্রের মাধ্যমে ক্ষমতায় গিয়ে কি গনতান্ত্রিক পদ্ধতিতে সংবিধান পরিবর্তন করবেন নাকি ক্ষমতার মাধ্যমে?
যদি বলেন গনতান্ত্রিক পদ্ধতিতে সংসদে যেভাবে চলে সেভাবে করব তাহলে আমি বলি, যে সংবিধানের শপথ নিয়ে আপনারা ক্ষমতায় যাবেন সে সংবিধানেই লিখা আছে এভাবে করতে পারবেন না। এভাবে সংবিধানের কুফরী আইন পরিবর্তন করা যাবেনা।

আর যদি বলেন যে, না আমরা ক্ষমতায় গিয়ে একসাথে সব কোরআনী আইন কায়েম করব এ সংবিধান বাদ দিব। সংবিধানের সব আইন বাদ দিব তাহলে ও আমি বলি আপনারা এমন করতে পারবেন না।

কেননা যখন এমন করবেন তখন আপনারা এ সংবিধানের বিরুদ্ধে চলে গেলেন অথচ ক্ষমতায় আসার আগে কিছুক্ষন আগে মাত্র এ সংবিধান মনে প্রানে গ্রহন করেছেন এ কথা বলে সংবিধানের শপথ নিয়ে ক্ষমতার চেয়ারে বসেছেন। তখন মনে রাখতে হবে এ সংবিধানের শপথ কিন্তু আপনি একা নেননি। আপনার সাথে দেশের সব সরকারী বাহিনীর লোকেরা ও এর শপথ নিয়েছে। আর আপনারা যখন গনতান্ত্রিক পদ্ধতিতে ক্ষমতায় যাবেন বাংলাদেশের ৩০০ আসন কিন্তু আপনারাই পাবেন না। কিছু আসনে আওয়ামী,বি এনপির লোক ও থাকবে। তারা ও কিন্তুএ সংবিধানের শপথ নিয়েছে।

যখন আপনি হঠাত করে সংবিধান বাতিল করবেন কিভাবে করবেন?আপনার সাথের অন্যদলের সংসদ সদস্যরা তখন কি করবে। তাদেরকে কিভাবে দমন করবেন?আপনি ভালো মানুষ একদিনে ক্ষমতায় এসে আল্লাহর আইন প্রতিষঠা করলেন কিন্তু যে সেনাবাহিনী এ সংবিধানের শপথ নিয়েছে তারা তো সবাই ভালোনা। তাদেরকে কিভাবে হাত করবেন? তারা কি আপনাকে ছেড়ে দিবে আপনি সংবিধান পরিবর্তন করলে?

কখনো ছেড়ে দিবেনা। তখন তারা আপনাকে ক্ষমতার চেয়ার থেকে নামিয়ে দিবে ও আপনার ফাসির রায় হবে। কেননা আপনি সংবিধান বাতিল করে দিয়েছেন বে আইনী পদ্ধতিতে। এভাবে সংবিধান বাতিল করলে আপনার এ শাস্তি হবে এটার শপথ নিজেই নিয়ে ক্ষমতায় এসেছেন।

এটার দলীল কি? এটার দলীল কুফরী সংবিধানে আছে।

সনবিধানের ৭ এর ক অনুচ্ছেদে বলা হয়েছে অসাংবিধানিক কোন পন্থায় কোন ব্যক্তি যদি এ সংবিধানের কোন বিধানের প্রতি জনগনের ভক্তি নষ্ট করে,বা এ সংবিধান বাতিলের উস্কানি দেয়। বা কেউ বাতিল করতে চায় কেউ তাকে সমর্থন করে বা এ জাতীয় কোন কাজের প্লান নেয় এটা জানতে পারলে যারা এ কাজে জড়িত সবার ফাসি হবে। তারা ফাসির যোগ্য।

যদি সংবিধানের কোন বিধান অসাংবিধানিক পন্থায় বাতিল করার প্লান ও এটাকে সমর্থন একজন লোককে ফাসির অপরাধী বানিয়ে দেয়। তাহলে আপনি যখন এত বড় অপরাধ করবেন(সংবিধানের দৃষ্টিতে)সংবিধানই বাতিল করে ফেলবেন তাহলে আপনাকে কি ছেড়ে দেওয়া হবে? তখন আপনাকে রক্ষা করবে কে?

যদি বলেন সেনাবাহীনীকে আমরা আমাদের পক্ষে নিয়ে আসব তাহলে বলব এটা সম্ভব নয়। কারন তারা প্রথমেতো সংবিধানের শপথ নিয়েছে দ্বিতীয়ত তারা বিদেশের চাপে আপনাকে নামিয়ে দিবে।

*আর যদি বলেন আমাদের নিজস্ব লোক আমরা সেনাবাহীনীতে ঢুকাব যারা খারাপ তাদেরকে বাদ দিব তাহলে গনতান্ত্রিক অন্যান্য দল আপনাদের বিরুদ্ধে আন্দোলন করবে। বিদেশ থেকে আপনাদেরকে চাপ দিবে। অন্য গনতান্ত্রিক দলের মাধ্যমে আপনার সাথে যুদ্ধ বাধাবে।বিদেশ থেকে তাদেরকে সাহায্য করবে। তখন কি করবেন? হয়ত তখন ক্ষমতা ছাড়তে হবে নয়ত যুদ্ধ করতে হবে। আর আপনারা যুদ্ধ কিভাবে করবেন তখন? করলে তো এখনই করতেন। তাহলে কিভাবে আপনি এমন স্বপ্ন দেখছেন ক্ষমতায় গিয়ে কোরআনী বিধান কায়েম করবেন? আপনি হয়ত অজ্ঞ না হয় ধোকাবাজ।

*এখানে একটা কথা মনে রাখা দরকার আপনারা যে সংবিধানের শপথ নিয়ে আছেন সে সংবিধানে যা আছে সবকিছুই আপনারা মেনে নিয়েছেন। এ কারনে কেউ সংবিধানের পন্থা ছাড়া ভিন্ন কোন পন্থায় এ সংবিধানের কোন বিধান বাতিল করতে চাইলে তাদেরকে ফাসি দিতে হবে তাদের এ নীতির সাথেও আপনি একমত।

তাহলে ফলাফল দাড়াচ্ছে একদিকে বলছেন আমরা ইসলাম কায়েম করব এ সংবিধান বাতিল করব। অপরদিকে বলছেন যারা এ সংবিধান বাতিল করবে এ সংবিধানের বিপরীত কোন কিছু কায়েম করতে চাইবে তাদেরকে ফাসি দিতে আমরা প্রস্তুত।তাদেরকে আমরা ফাসি দিব।

এ কেমন দ্বিমুখী আচরণ আপনাদের?

যদি আপনি এ দ্বিমুখী আচরন না বুঝে করেন তাহলে এ ব্যাপারে অজ্ঞ। আর বুঝে করলে ধোকাবাজ।

আল্লাহ তায়ালা আমদেরকে বুঝার তৌফিক দিন। আমিন।

বিশেষ দ্রষ্টব্যঃ সংবিধানের লিখাগুলো আমি সংক্ষেপে নিজের ভাষায় লিখেছি বুঝানোর জন্য ও সময়ের অভাবে।

এ কারনে সংবিধানের পিডিএফ লিংক দিয়ে দিলাম। যাদের ইচ্ছা নামিয়ে যে অধ্যায়গুলো বললাম দেখে নিতে পারেন।

(লিংক ডিলেট করা হয়েছে, আর্কাইভ অথবা মিডিয়া ফায়ার বা পি ক্লাউড থেকে লিংক দিন)

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১৩৪১

بِسۡمِ ٱللَّهِ ٱلرَّحۡمَٰنِ ٱلرَّحِيمِ

মিথ্যে গণতন্ত্র

[Talhah Bin Ubaidullah]

Senior Member

১১-০৪-২০১৮

যদিও ইরাক আক্রমণ করার সিদ্ধান্ত নেয়ার সময় আমেরিকা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সাথে আলোচনা করেনি, এবং সাধারন পরিষদের গণতান্ত্রিক প্রক্রিয়া অনুসরণ করেনি, তবুও বাস্তবতা হল জাতিসংঘের সাধারন পরিষদ ও নিরাপত্তা পরিষদ দুটোই আমেরিকার পরিকল্পন অনুযায়ীই ১৯৪৫ সালে স্থাপিত হয়েছিল। এ গণতন্ত্রকে ঘিরে একটি মিথ্যার পুনরাবৃত্তি করা হয় আর তা হল, মুসলিম উম্মাহ ও দেশগুলোতে গণতন্ত্রের অনুপস্থিতিই হল মুসলিম উম্মাহর তীব্র সমস্যার কারণ।

তাই বুশ মুসলমানদেরকে গণতন্ত্রের ছায়ায় বসবাস করানোর জন্য উৎসাহী হয়। অতঃপর সে নিজেকে আরব রাজ্যগুলোতে ত্রানকর্তারূপে চিত্রিত করলো। বুশ নিজেকে মানুষের জন্য ঐশ্বরিক সহায়তার দূত তথা খোদা প্রদত্ত সাহায্যকারী হিসেবে পেশ করলো, যে তাদেরকে অন্ধকার থেকে গণতন্ত্র ও স্বাধীনতার আলোর দিকে নিয়ে আসবে।

